



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
বরিশাল

www.barisalboard.gov.bd



স্মারক নং বশিবো/কলেজ/অনুঃ/২০২২/১১০ ৫

তারিখ: ০১/০৩/২০২২খ্রি.

বিষয় : উচ্চমাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতির মেয়াদ বৃদ্ধি।

সূত্র : সূত্র : কলেজের স্মারক-এসএএসসি: ০১/২২, তারিখ: ০৯.০১.২০২২

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানাচ্ছি যে, সেন্ট আলফ্রেডস হাই স্কুল এন্ড কলেজ এর উচ্চমাধ্যমিক পর্যায়ে নিম্নবর্ণিত শর্তে শাখা ও বিষয়সমূহের পাঠদানের মেয়াদ ০১.০৭.২০২০ থেকে ৩০.০৬.২০২২ পর্যন্ত বৃদ্ধি করা হলো।

উক্ত পাঠদানের সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর পুনরায় মেয়াদ বৃদ্ধি করা না হলে পাঠদান স্বয়ংক্রীয়ভাবে বাতিল হয়ে যাবে এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা থেকে বারিত হবে।

শাখা	বিষয়
১। আবশ্যিক বিষয়	: বাংলা, ইংরেজি এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি।
২। নৈর্ব্যাপ্তিক বিষয়	
ক) মানবিক শাখা	: অর্থনীতি, পৌরনীতি ও সুশাসন, ইতিহাস, সমাজকর্ম এবং যুক্তিবিদ্যা।
খ) ব্যবসায় শিক্ষা শাখা	: ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, হিসাব বিজ্ঞান, এবং উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন
গ) বিজ্ঞান শাখা	: পদার্থবিজ্ঞান, রসায়ন, জীববিজ্ঞান এবং উচ্চতর গণিত।
ঘ) সকল শাখার জন্য	: কৃষিশিক্ষা।

শর্তাবলী

- ০১। প্রতি শিক্ষাবর্ষে প্রতি বিষয়ে ন্যূনতম ২৫(পঁচিশ) জন করে ছাত্র-ছাত্রী ভর্তি করতে হবে এবং প্রতি বিষয়ে ন্যূনতম ২৫জন পরীক্ষায় অংশগ্রহণ করে কমপক্ষে এর ৫০% পাস করতে হবে।
- ০২। কলেজের আসবাবপত্র বৃদ্ধি করাসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় করতে হবে।
- ০৩। টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষার ব্যবস্থা করতে হবে এবং এর লিখিত রেকর্ডপত্র সংরক্ষণ করতে হবে।
- ০৪। কলেজে আলাদা গ্রন্থাগার নির্মাণ করে তাতে প্রয়োজনীয় সংখ্যক পাঠ্যপুস্তক ও সাহায্যকারী পুস্তক-এর সংখ্যা বাড়াতে হবে।
- ০৫। সর্বশেষ বিধি মোতাবেক শিক্ষক-কর্মচারীদের কলেজে উপস্থিতি নিশ্চিত করতে হবে।
- ০৬। শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক যে কোন সময়ে কলেজটি আকস্মিক পরিদর্শনের নিমিত্তে প্রস্তুত থাকতে হবে।
- ০৭। কলেজের সংরক্ষিত ও সাধারণ তহবিলে কাম্য পরিমাণ অর্থ সংরক্ষণ করতে হবে।
- ০৮। বোর্ড কর্তৃপক্ষ যেকোন সময় পাঠদানের অনুমতি/স্বীকৃতি প্রত্যাহার বা স্থগিত করতে পারবে।

ড. মোঃ লিয়াকত হোসেন # ৯৫১১

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

বরিশাল

মোবাইল: ০১৭১৫৭১৪২৩৬

gmail: arliaquate@gmail.com

প্রতিষ্ঠান প্রধান

সেন্ট আলফ্রেডস হাই স্কুল এন্ড কলেজ

ডাক: পাদ্রীশিবপুর, উপজেলা: বাকেরগঞ্জ

জেলা: বরিশাল।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি

- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল।
- ৪। সংরক্ষণ নথি।

01.03.2022